


#### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকায় ঘন সবুজ রঙের ওপর উদীয়মান সূর্যের রঙের একটি লাল বৃত্ত থাকবে।

#### পতাকা নির্মাণের নিয়মাবলি



দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১০: ৬। অর্থাৎ যদি দৈর্ঘ্য ৩০৫ সেমি (১০ ফুট) হয়, প্রস্থ ১৮৩ সেমি (৬ ফুট) হবে। লাল বৃত্তটির ব্যাসার্ধ পতাকার দৈর্ঘ্যের পাঁচ ভাগের এক ভাগ। পতাকার দৈর্ঘ্যের ২০ ভাগের ৯ ভাগে একটি লম্ব (খাড়া সরলরেখা) টানতে হবে। তারপর প্রস্থের ঠিক অর্ধেক ভাগে দৈর্ঘ্যের সঞ্জো সমান্তরাল করে আর একটি রেখা টানতে হবে। এই দুটি রেখার ছেদবিন্দুই হবে বৃত্তটির কেন্দ্রবিন্দু।

#### ভবনে ব্যবহারের জন্য

(ভবনের আকার ও আয়তন অনুযায়ী) ৩০৫ সেমি x ১৮৩ সেমি (১০' x ৬') ১৫২ সেমি x ৯১ সেমি (৫' x ৩') ৭৬ সেমি x ৪৬ সেমি (২<sup>5</sup>/<sub>২</sub>' x ১<sup>5</sup>/<sub>২</sub>')

### জাতীয় সংগীত

সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি। আমার চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশি 1 ও মা. ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে, মরি হায়, হায় রে-ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে আমি কী দেখেছি মধুর হাসি 11 কী শোভা, কী ছায়া গো, কী মেহ, কী মায়া গো-নদীর কূলে কূলে। কী আঁচল বিছায়েছ বটের মূলে, মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো, মা, তোর মরি হায়, হায় রে-বদনখানি মলিন হলে, ও মা, আমি নয়নজলে ভাসি। মা, তোর –রবীন্দ্রনাথ ঠাকুর

## গাওয়ার জন্য জাতীয় সংগীতের পূর্ণপাঠ

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি। চিরদিন তোমার আকাশ. চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে ও মা, আমার প্রাণে বাজায় বাঁশি, সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥ ও মা. ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে, মরি হায়, হায় রে-ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে, ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে কী দেখেছি আমি কী দেখেছি মধুর হাসি। সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি 1 की लांडा, की ছांग़ा लां, की स्त्रर, की भाग़ा ला-की आँठन विছास्त्रिष्ट वर्षेत्र भूरन, नमीत कृरन कृरन। মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো, মরি হায়, হায় রে-মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো, মা, তোর বদনখানি মলিন হলে, আমি নয়ন ও মা, আমি নয়নজলে ভাসি ॥ সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥

## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০১৩ শিক্ষাবর্ষ থেকে প্রথম শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত

# আমার বাংলা বই প্রথম শ্রেণি


সংকলন, রচনা ও সম্পাদনা

শফিউল আগম মাহবুকুল হক

সৈয়দ আজিজুল হক নুরজাহান বেগম চিত্রাজ্ঞন

হাশেম খান মোঃ ভাব্দুল মোমেন মিন্টন

> শিল্প সম্পাদনা হাশেম খান







জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুত্তক বোর্ড, ঢাকা

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০ কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্থত্ব সংরক্ষিত]

পরীক্ষামূলক সংস্করণ

প্রথম মুদ্রণ : . . . . . . ২০১২

সমন্বয়ক উত্তম কুমার ধর

গ্রাফিক্স মোঃ আবুল হোসেন

ডিজাইন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

ভূতীয় প্রাথমিক শিক্ষা উনুয়ন কর্মসূচির আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

#### প্রসজা-কথা

শিশু এক অপার বিময়। তার সেই বিময়ের জগৎ নিয়ে ভাবনার অন্ত নেই। শিক্ষাবিদ, বিজ্ঞানী,দার্শনিক, শিশুবিশেষজ্ঞ, মনোবিজ্ঞানীসহ অসংখ্য বিজ্ঞজন শিশুকে নিয়ে ভেবেছেন, ভাবছেন। তাঁদের সেই ভাবনানিচয়ের আলোকে জাতীয় শিক্ষানীতি ২০১০–এ নির্ধারিত হয় শিশু–শিক্ষার মৌল আদর্শ। শিশুর অপার বিময়বোধ, অসীম কৌতৃহল, অফুরন্ত আনন্দ ও উদ্যমের মতো মানবিক বৃত্তির সূষ্ঠ্য বিকাশ সাধনের সেই মৌল পটভূমিতে পরিমার্জিত হয় প্রাথমিক শিক্ষাক্রম। ২০১১ সালে পরিমার্জিত শিক্ষাক্রমে প্রাথমিক শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য পুনঃনির্ধারিত হয় শিশুর সার্বিক বিকাশের অন্তর্নিহিত তাৎপর্যকে সামনে রেখে। প্রাথমিক শিক্ষার প্রান্তিক যোগ্যতা থেকে শুরু করে বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণি ও বিষয়ভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও পরিশেষে শিখনফল নির্ধারণের ক্ষেত্রে শিক্ষার্থীর পরিপূর্ণ বিকাশকে সর্বোচ্চ সতর্কতার সজো বিবেচনা করা হয়েছে। এই পটভূমিতে শিক্ষাক্রমের প্রতিটি ধাপ নতুনভাবে প্রণীত পাঠ্যপুস্তকে যতুসহকারে অনুসরণ করা হয়েছে।

বাংলা বাঙালির মাতৃভাষা। বাংলাদেশের রাফ্রভাষাও বাংলা। ফলে বাংলা শিক্ষার সকল ক্ষেত্রে গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। বাংলা কেবল একটি বিষয় নয়, এটি সকল বিষয় শেখার মাধ্যম। এদিক থেকে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের বাংলা ভাষায় শোনা,বলা,পড়াও লেখার দক্ষতা অর্জন অপরিহার্য। তাই বাংলা ভাষা শেখার ক্ষেত্রে শিক্ষার্থী যেন শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা আনন্দময় পরিবেশে আয়ন্ত করতে পারে সেদিকে লক্ষ রেখেই প্রথম শ্রেনির বাংলা পাঠ্যপুস্তকটি প্রকাল করা হয়েছে। শিক্ষার্থীকে শিখনে আগ্রহী করা ও নির্ধারিত শিখনফল অর্জনে সহায়তা করার লক্ষ্যে পাঠ্যপুস্তকটি পরিকল্পিত হয়েছে। এতে জীবন ও পরিবেশভিত্তিক এবং যুগের চাহিদার অনুকূল সহজ পাঠ প্রণয়ন করে সংগতিপূর্ণ চিত্র সন্নিবেশ করা হয়েছে। পাঠে শব্দ ও বাক্য সন্নিবেশের ক্ষেত্রে শিক্ষার্থীর বয়স, মেধা ও গ্রহণক্ষমতা যেমন বিবেচনা করা হয়েছে পোঠে শব্দ ও বাক্য সন্নিবেশের ক্ষেত্রে। পাঠকে যথাসম্ভব নির্ভার করার জন্য ব্যবহৃত হয়েছে সহজ ও সাবলীল বাক্য। একই সজো বিচিত্র বিষয় পাঠের মাধ্যমে নিত্য-নতুন শব্দের সজো পরিচিত হয়ে শিক্ষার্থী যেন তার শব্দভান্ডার ও ভাষাদক্ষতা বৃদ্ধি করতে পারে সেদিকটিও যথাযথ গুরুত্ব পেয়েছে। এ শ্রেণির শিশুদের জন্য নির্ধারিত অর্জন উপযোগী যোগ্যতা/শিখনফলভিত্তিক পাঠ ধারাবাহিক অনুশীলন ও মূল্যায়নের লক্ষ্যে পাঠের শেষে অনুশীলনমূলক কাজের নমুনা সন্নিবেশিত হয়েছে।

শিক্ষাক্রম উনুয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। এর ভিন্তিতে প্রণীত হয় পাঠ্যপুস্তক। লক্ষণীয় যে, কোমলমতি শিক্ষার্থীদের আরও আগ্রহী, কৌতৃহলী ও মনোযোগী করার জন্য সরকার ২০০৯ সাল থেকে পাঠ্যপুস্তকগুলো চার রঙে উন্নীত করে আকর্ষণীয় ও টেকসই করার মহৎ উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় এবারও উন্নতমানের কাগজ ও চার রঙের চিত্র/ছবি ব্যবহার করে অতি অল্প সময়ে পাঠ্যপুস্তকটি পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে প্রণয়ন ও মুদ্রণ করে প্রকাশ করা হলো। বানানের ক্ষেত্রে সমতা বিধানের জন্য অনুসৃত হয়েছে বাংলা একাডেমী কর্তৃক প্রণীত বানানরীতি।

সংশ্রিষ্ট ব্যক্তিবর্গের সযত্ন প্রয়াস ও সতর্কতা থাকা সত্ত্বেও পাঠ্যপুস্তকটিতে কিছু ত্র্টি-বিচ্যুতি থেকে যেতে পারে। সূতরাং পাঠ্যপুস্তকটির অধিকতর উন্নয়ন ও সমৃদ্ধি সাধনের জন্য যেকোনো গঠনমূলক ও যুক্তিসঞ্চাত পরামর্শ গুরুত্বের সঞ্চো বিবেচিত হবে।

এই পাঠ্যপুস্তকটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন এবং মুদ্রণ ও প্রকাশনার বিভিন্ন পর্যায়ে যাঁরা সহায়তা করেছেন তাঁদের জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ। যেসব কোমলমতি শিক্ষার্থীর জন্য পাঠ্যপুস্তকটি রচিত হয়েছে তারা উপকৃত হলেই আমাদের সকল প্রয়াস সফল হবে বলে আমি মনে করি।

> প্রকেসর মোঃ মোন্তকা কামালউদ্দিন চেয়ারম্যান জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

# সূচিপত্র

পাঠ	বিষয়	পৃষ্ঠা	পাঠ	বিষয়	পৃষ্ঠা
2	আমার পরিচয়	2	২৯	বাংলা বর্ণমালা	87
2	আমি ও আমার সহপাঠী	২	೨೦	মামার বাড়ি	8२
9	আমরা কী কী কাজ করি	8	৩১	ছবি দেখি কথায় লিখি	৪৩
8	ছড়া : আতা গাছে তোতা পাখি	Œ	৩২	আ–কার	88
C	কাক ও কলসি	৬	99	ই–কার	8&
৬	<b>ত্যাঁকাত্যাঁকি</b>	৯	৩৪	ঈ–কার	৪৬
٩	বৰ্ণ শিখি: অ আ	77	৩৫	উ–কার	89
ъ	বৰ্ণ শিখি : ই ঈ	১২	৩৬	উ–কার	84
۵	বৰ্ণ শিখি : উ উ	১৩	৩৭	ঋ–কার	৪৯
٥٤	বৰ্ণ শিখি: ঋ	78	৩৮	এ–কার	(°c)
77	বৰ্ণ শিখি : এ ঐ	26	৩৯	ঐ–কার	ራን
১২	বৰ্ণ শিখি: ও ঔ	১৬	80	ও–কার	৫২
७८	স্থরবর্ণ	29	82	ঔ–কার	৫৩
78	ইতল বিতল	74	8২	কারচি <b>হ্ন</b>	<b>&amp;8</b>
26	রেখা যোগ করে ছবি আঁকি	72	৪৩	খালি ঘরে কারচিহ্ন বসাই	<b>৫</b> ৫
১৬	বৰ্ণ শিখি:কখগঘ ঙ	২০	88	ভোর হলো	<b>ራ</b> ৬
١٩	বৰ্ণ শিখি:চছজবা এঃ	২২	8€	ছবি নিয়ে কথা	<b>৫</b> ዓ
76	বৰ্ণ শিখি:ট ঠ ড ঢ ণ	২৪	8ଜ	শুভ ও দাদিমা	<b>৫</b> ৮
72	বিণ শিখি:ত থ দধ ন	২৬	89	রুবির বাগান	<b>৫</b> ৯
২০	বিণ শিখি:পফবভ ম	২৮	84	মায়ের ভালোবাসা	৫১
२ऽ	ছড়া : বাক বাকুম পায়রা	೦೦	৪৯	মুমুর সাত দিন	৬৩
२२	ছবি দেখি ও কথায় লিখি	৫১	Сo	ছড়ায় ছড়ায় সংখ্যা	<b>৬</b> ৫
২৩	বেণ শিখি:যে র লশ ষ	৩২	৫১	পিপড়ে ও ঘুঘু	৬৭
২৪	বিণ শিখি:স হ ড়ঢ় য়	৩৪	৫২	গাছ লাগানো	৬৮
20	বৰ্ণ শিখি: ९ ९ ৪ ঁ	৩৬	৫৩	আমাদের দেশ	৬৯
২৬	ব্যঞ্জনবর্ণ	৩৮	€8	ছুটি	90
২৭	হনহন পনপন	৩৯	<b>ው</b>	মুক্তিযোদ্ধাদের কথা	42
২৮	ব্যঞ্জনবর্ণ সাজাই	80	৫৬	শব্দ বলার খেলা	৭২

# পাঠ – ১

	আমার পরিচয়	
মূখে মুখে বলি		
আমার নাম		
আমার মায়ের নাম		
আমার বাবার নাম		
আমার বিদ্যালয়ের নাম		
আমার দেশের নাম		

পাঠ – ২

# আমি ও আমার সহপাঠী

# মুখে মুখে বলি



আমি অমি



আমি আলো



আমি ইমন



আমি ঈশিতা



আমি উমৎ



আমি উর্মি



আমি ঋতু



আমি এনাম



আমি 🕍



আমি ওমর



আমি ঔছন

আমরা সবাই সহপাঠী। একসাথে পড়ি। এক শ্রেণিতে পড়ি।























এবার আমরা সবাই পরিচিত হই।

# গাঠ – ৩ আমরা কী কী কা<del>জ</del> করি

# মুখে মুখে বলি



আমরা ভোরে ঘুম থেকে উঠি।



দাঁত মাজি। হাত মুখ ধুই।



আমরা খাওয়ার আগে হাত ধুই।




আমরা খাওয়ার পরে হাত ধুই।



আমরা পড়ার সময় পড়ি।



খেলার সময় খেলি।




# পাঠ – ৫

## শুনি ও বলি





বড় একটা মাঠ। মাঠের ওপারে ঘন বন।



উড়তে উড়তে তার খুব পিপাসা পেল। সে এদিক ওদিক তাকাল পানির খোঁজে। তখন একটা কলসি পড়ল তার চোখে।



এক ছিল কাক। সে খাবারের খোঁচ্ছে বনে যেতে চাইল। সে উড়তে শুরু করল।



সে খুব খুশি হলো। উড়ে গিয়ে বসল কলসির ওপর।



সে দেখল পানি কলসির তলার দিকে। কাক ঠোঁট ঢুকিয়ে দিল কলসিতে। কিন্তু পানির নাগাল পেল না।



কাক তখন কলসিটাকে কাত করতে চাইল। কিন্তু পারল না। তাই পানি খাওয়াও হলো না। তার খুব দুঃখ হলো।




সে এদিক ওদিক তাকাল। কাছেই দেখতে পেল অনেক নুড়ি। তার মাথায় একটা বুন্ধি এলো।



সে একটা করে নুড়ি আনতে লাগল। ফেলতে লাগল কলসির ভিতরে ।



কলসির ভিতরে একটা একটা নুড়ি পড়ল। তলার পানিও ওপরে উঠতে লাগল।



এভাবে কাকটি অনেক নুড়ি কলসিতে ফেলল। একসময় পানি কলসির মুখে উঠে এলো।



তখন কাকটি প্রাণ ভরে পানি খেল। তার পিপাসা মিটল।




কাক খুশি মনে ডানা ঝাড়া দিল। তারপর উড়াল দিল বনের দিকে।

# পাঠ – ৬

# আঁকাআঁকি

দেখে দেখে আঁকি







000 ((( )))



666 999 TTTW Welley




## পাঠ – ৮ বৰ্ণ শিখি – ই ঈ

# শুনি ও বলি















ডান দিকে লাল রঙের বর্ণ আছে। সেগুলো বাম দিকের খালি ঘরে ঠিক জায়গায় লিখি।





পাঠ – ১৫

# রেখা যোগ করে ছবি আঁকি। রং করি।




### তামায় বালো বই



# ছবি দেখি ও শব্দ বলি









# ছবি দেখি ও শব্দ বলি




## পাঠ – ১৯ বৰ্ণ শিখি – ত থ দ ধ ন





# ছবি দেখি ও শব্দ বলি











## এসোপড় → য র ল শ ষ

## এসো লিখি

য	~ <u>~</u>	>	No.	<u> </u>	1
র					\$
ল	6	6	8	67	<u></u>
36	7	90	765	365	<u></u>
ষ	×	>	<u> </u>	<b>N</b>	1







#### ছবি দেখি ও শব্দ বলি



# পাঠ – ২৬ ব্যঞ্জনবর্ণ

## ব্যজনবর্ণ পড়ি ও লিখি

ক	খ	গ	ঘ	8
িচ	ছ	জ	ঝ	এ
ট	र्ठ	ড	ট	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
্য	র	ল	34	ষ
স	হ	ড়	ঢ়	য়
9	9	0	N. T.	


## পাঠ – ২৭

## শুনি ও বলি



#### হনহন প্নপ্ন

সুকুমার রায়





ঘোরে বনবন কাজে ঠনঠন





কাশি খনখন কোঁড়া টনটন



মাছি ভনভন থালা ঝনঝন









পাঠ – ২৮

# ব্যঞ্জনবর্ণ সাজাই

জান দিকের বর্ণপুলো দেখি। সেগুলো বাম দিকের খালি খরে ঠিক জায়গায় লিখি

ক			ঘ	Ø
		জ	작	এ
ট	5	ড		
		দ	ধ	ন
P	ফ			ম
G.E.		ল	*	ষ
স	হ			য়
5		0	•	

ট	ণ
য	র
ড়	ট
খ	9
ত	থ
9	9
ব	ভ
Б	ছ

## পাঠ –২১ বাংলা বর্ণমালা


পড়ি ও দিখি

# যুরবর্ণ

অ	আ	ই	ঈ
উ		উ	*
(1)	ক্র	७	હ

# ব্যঞ্জনবর্ণ

ক	খ	গ	ঘ	8
ক চ টা ত প ম স ও	জ ক ফ ক প	জ	4	ঞ
ট	b	ড	ট	ণ ন ম ম ম
ত	থ	ড দ ব	চ শ ভ	4
9	ফ	ব	ভ	ম
য	র	ল	30	ষ
স	হ	ড় ঃ	<u>ড</u>	য়
3	5 9	8	·	



	পাঠ -	- 05	
ছবি দেখি। শব্দ বলি	ও দিখি		
Cen Cen	উপ		••••••
	•••••••		••••••
ST.	••••••••		••••••
	••••••		••••••
	••••••		••••••••••••

## আ–কার

#### আ - কার = 1

#### বলি ও পড়ি



$$9 + 1 = 91$$



#### প্রথম বর্ণের পরে 1-কার লিখি ও শব্দ পড়ি



পান

#### পড়ি ও বলি

খাতা ছাতা ডা**লা** থালা মাতা মামা বাবা খালা

#### কথার শেষে দাঁড়ি বসাই

কাকা এলো | খালা এলো |

#### পড়ি ও দিবি

কাকা এলো। খালা এলো। ডাব দাও। পান দাও।



খালা





পাঠ – ৩৩


ই-কার

ই-কার =

## বলি ও পড়ি








**+** শ = শি শিম



#### প্রথম বর্ণের আগে - কার লিখি ও শব্দ পড়ি



খলি

তমি

মলি

পড়ি ও বলি

কাঠি বাটি পাটি লাঠি হাতি বাতি পানি রানি



## পড়ি ও পিখি

ঝিকিমিকি তারা। ঝিরিঝিরি বাতাস। তিথি পাটি বিছায়।












পাঠ – ৩৪

ঈ-কার

ঈ-কার =ী

#### বলি ও পড়ি



ত + ী = তী তীর দ + ী = দী দীপ

**ন** + ী = নী নীড়



## প্রথম বর্ণের পরে ী – কার লিখি ও শব্দ পড়ি









#### পড়ি ও বলি

কীট বীর তীর জীব বীজ নীড় বীণ ধীর

## পড়ি ও দিখি

নদীর তীর। বাতাস ধীর। বীণা আনি। গীত গাই।













পাঠ – ৩৫ উ–কার

উ–কার = ু

বলি ও পড়ি





## প্রথম বর্ণের নিচে ু – কার লিখি ও শব্দ পড়ি

ঘঘু







#### পড়ি ও বলি

দৃপুর পুতৃল পুকুর মুকুল ঘুঙুর চূল ঝুমুর ফুল



#### পড়ি ও লিখি

খুক্র ঘৃঙ্র। মুমুর পুতৃল। দুপুর শুরু।











#### বলি ও পড়ি





## প্রথম বর্ণের নিচে ্ – কার লিখি ও শব্দ পড়ি



ধ্য

সচি


মূল

#### পড়ি ও বলি



ধুসর ভূমি মৃষিক শূর নৃপুর সৃচি ময়ূর দূর

## পড়ি ও গিখি









# নূপুর

## ঋ-কার

## ঋ–কার = ্

#### বলি ও পড়ি





## প্রথম বর্ণের নিচে ্ – কার শিখি ও শব্দ পড়ি









পড়ি ও বলি

কৃষ বৃষ ধৃত দৃঢ় নৃপ ঘৃত



বৃষ এলো দৃঢ় পায়। মৃগছানা তৃণ খায়।







মৃগ


তৃণ

## পাঠ – ৩৮

## এ–কার

## এ-কার = ে

## বলি ও গড়ি





## প্রথম বর্ণের আগে ে – কার দিখি ও শব্দ পড়ি

ভট

ভলা

ফনা

মলা

#### পড়ি ও বলি

ছেলে মেয়ে জেলে নেয়ে পথে চলে নেচে গেয়ে

## পড়ি ও গিখি

ছেলেরা খেলে। মেয়েরা নেচে চলে। থেকে থেকে মেঘ ভাকে।


Q = C

10


জেলে

মেয়ে

ছেলে



## বণি ও পড়ি





## প্রথম বর্ণের আগে ে – কার লিখি ভ শব্দ পড়ি

বঠা জব পতা নশ

### পড়ি ও বলি

বৈঠক বৈশাখ বৈকাল শৈশব সৈকত শৈবাল



## পড়ি ও লিখি

বৈশাখ মাস। কৃষক বৈকালে বৈঠক করেন। মাঠে জৈব সার দেবেন।


ঐ = ৈ জৈব তৈল শৈবাল


পাঠ - ৪০

ও-কার

৩-কার = ো

#### বলি ও পড়ি





(+ v + 1 = (v) (v)

( + ঝ + † = ঝো ঝোল



#### श्रधम वर्षत जारा ७ लख । - कात निधि ७ नम शिष्

খ কা

ছ

ম জা

ঝ লা


পড়ি ও বলি

জোনাক থোকা ঘোমটা খোলা নোলক টোকা দোলনা দোলা

পড়ি ও শিখি

দোতলা বাড়ি। গোলাপ বাগান। থোকা থোকা ফুল । ছোট ছোট ভোমরা।

ও = ৌ ৌ দোলনা নোগুর নোলক




#### বলি ও পড়ি





#### প্রথম বর্ণের জাগে ও পরে ৌ – কার লিখি ও শব্দ পড়ি



কি 🏻





#### পড়ি ও বলি

গৌণ দৌড় মৌন বৌ চৌকা চৌকি মৌরি মৌ

## পড়ি ও লিখি

পৌষ মাস । বৌ নৌকায় যায় । মৌচাকে মৌমাছি ওড়ে।



পাঠ – ৪২

কারচিহ্ন

আ = 1

ই = ি ঈ =

উ = ৄ

₩ =

এ = ে ঐ = ৈ

ও = (1 । । ।

পাঠ - ৪৩


## খালি ঘরে কারচিহ্ন পিখি

আ	=	ই	=	ঈ	=	
উ	=	উ	=	এ	=	
ঐ	=	9	=	હે	=	

## কারচিক দিয়ে শব্দ লিখি

তল	ফ্ল
<u>তর</u>	বল
চকি	<b>ঢ</b> ল
ময়র	ডম
বঠা	মগ





## ছবিটি মনোযোগ দিয়ে দেখি। ছবিতে কী কী দেখছি বলি ও লিখি


બાન			
• • • • • • • • • • • • • • • • • • • •	******	********	•••••
ছবি থেকে পাওয়া	শব্দ দিয়ে বাক্য শিখি		
	•••••	•••••	•••••
আম গাছ।			
• • • • • • • • • • • • • • • • • • • •	••••	•••••	•••••
• • • • • • • • • • • • • • • • • • • •	•••••	•••••	•••••
• • • • • • • • • •	*******	*****	*******
• • • • • • • • • •	********	*******	•••••
• • • • • • • • •	*****		



শুভর দাদি সেলাই করবেন। তিনি সুচে সুতা পরাতে পারছেন না। শুভ দেখতে পেল। সে দাদির কাছে গেল। বলল, দাদিমা কী হয়েছে?

দাদি বললেন, চশমাটা যে কোথায় রেখেছি। তাই সুচে সুতা পরাতে পারছি না।
শুভ বলল, আমি চশমাটা খুঁচ্ছে আনছি।একটু পরেই সে চশমা নিয়ে এলো। হাসি
মুখে বলল, দাদিমা চশমাটা নিন। দাদি খুশি হলেন। বললেন, বেঁচে থাকো ভাই।
শুভ বলল, দাদিমা তুমি খুব ভালো।

#### দাদির জন্য কী কী করি তা বলি



রুবির একটি বাগান আছে। সেখানে নানা রকম ফুলের গাছ। একদিকে লাল গোলাপের সারি । আরেক দিকে হলুদ গাঁদার গাছ । তার পাশে আছে জবা ফুলের ঝোপ। জবার রং লাল। বাগানের চারপাশে বেড়া। ঢোলকলমি গাছের। তাতে বেগুনি ফুল ফোটে। বাগানের দরজার পাশে দুটি শিউলি গাছ। সাদা শিউলি ফুলের বোঁটা কমলা রঙের। গাছের তলায় সবুজ ঘাস। তার ওপর সাদা ফুল ঝরে পড়ে।

রুবির ভাই অমি। সেও বাগানে কাজ করে। পাশের পুকুর থেকে পানি আনে।
দুজনে গাছে পানি দেয়। মাঠ জুড়ে সরষে খেত। হলুদ ফুলে ভরা। ওরা ওপরে
তাকায়। সেখানে নীল আকাশ। পুব আকাশে সকালে সুর্য ওঠে। টকটকে লাল
রঙ্কের। তার আলো পড়ে ফুলে ফুলে। পুরো বাগান হেসে ওঠে।







গাঁদাফুল হলুদ







শিউলি ফুল সাদা

পাতা সবুজ

আকাশ নীল

#### কোনটির কোন রং তা খালি জায়গায় লিখি

- ১. সূর্যের রং .....
- ২. পাতার রং .....
- ৩. কলমি ফুলের রং .....
- ৪. আকাশের রং .....
- ৫. সরষে ফুলের রং .....

বেগুনি লাল হলুদ

সবুজ নীল

এসো রং করি







গাঁদা ফুল



মহানবি হযরত মুহম্মদ (স) । একদিন তিনি সাধীদের নিয়ে বসে আছেন। এমন সময় একটি লোক এলো। হাতে একটি পাখির বাসা। বাসায় দুটি ছানা।

নবিজি দেখলেন, কাছেই মা পাখিটা উড়ছে। তিনি লোকটিকে কাছে ডাকলেন। তারপর পাখির বাসাটি রাখতে বললেন। তাকে দূরে সরে যেতে বললেন। লোকটি সরে গেল।

মা পাখিটা কাছে এলো। বাচ্চাদের আদর করল। ডানা দিয়ে তাদের ঢেকে রাখল। মহানবি বললেন, দেখ, মায়ের কত ভালোবাসা।

নবিজি লোকটিকে কাছে ডাকলেন। বললেন, ছানা দুটিকে বাঁচাতে হবে। বাসাটা আগের জায়গায় রেখে এসো। লোকটি তার ভুল বুঝতে পারল। নবিজির কথামতো কাজ করল।

#### যুক্তবৰ্ণ শিখে নিই

মুহম্মদ 
$$-$$
 ম্ম  $=$  ম  $+$  ম  
বাচা  $-$  চচ  $=$  চ  $+$  চ

#### ভান দিকে কয়েকটি শব্দ আছে। সেগুলো বাম দিকের খালি ঘরে ঠিক মতো বসাই।

ভূল বাঁচাতে হযরত

আদর



#### পাঠ – ৪৯

#### শুনি, বলি ও পড়ি

## মুমুর সাত দিন

মুমু রোজ স্কুলে যায়। লেখাপড়া করে।
শনিবার সে পড়ার টেবিল সাজায়।
রবিবার সে বাগান দেখাশোনা করে।
সোমবার গান শেখে।
মজ্ঞালবার সাঁতার কাটে।
বুধবার নিজের ঘর সাফ করে।
বৃহস্পতিবার ছবি আঁকে।
শুক্রবার ছটির দিন।
গুইদিন সে খেলাধুলা করে।
এভাবে কেটে যায় মুমুর সাত দিন।



সাত দিনে এক সপ্তাহ হয়।

মুলে – ফ = স + ক

মজাল – জা = ১৪ + গ

বৃহস্পতি – সপ = স + প

শুক্রবার – ক্র = ক + র-ফলা (১)
সপ্তাহ – ৪৪ = প + ত

#### ভেঙ্গে লিখি

ক্ৰ =	+	₹ =	+	
জ্ঞা =	+	<b>≫</b> =	+	
<b>\overline{\over</b>	+	<b>ઇ</b> =	+	

#### সপ্তাহের সাত দিনের নাম বলি ও লিখি

শনিবার		রবিবার		সোমবার		মঞ্চালবার
	বুধবার		বৃহস্পতিবার		শুক্রবার	

#### সাত দিনের নাম পরপর সাজিয়ে লিখি

বুধবার	শনিবার	বৃহস্পতিবার	রবিবার
মঞ্চালবার	শুক্রবার	সোমবার	

#### আমি সাত দিন কী কী করি তা লিখি

শনিবার	গান শিখি
রবিবার	
সোমবার	
মঞ্চালবার	
বুধবার	
বৃহস্পতিবার	
শুক্রবার	

## পাঠ – ৫০

## ছড়ায় ছড়ায় সংখ্যা







এক আর দুই জবা আর জুঁই।



তিন আর চার মায়ের গলার হার



পাঁচ আর ছয় বাঘ দেখে ভয়।



সাত আর আট পুকুরের ঘাট।

নয় আর দশ খেজুরের রস।







এগারো আর বারো হাতে হাত ধরো।

তেরো আর চৌদ্দ বাঘে মোবে যুদ্ধ।





পনেরো আর যোলো নাগরদোলায় দোলো।

সতেরো আর আঠারো চশমা আছে বাবারও।

উনিশ আর কুড়ি নানা রঙের ঘুড়ি।

#### পড়ি ও লিখি

এক দুই তিন চার পাঁচ ছয় সাত আট নয় দশ এগারো বারো তেরো চৌদ্দ পনেরো যোলো সতেরো আঠারো উনিশ কুড়ি যুক্তবর্ণ শিখি

চৌদ্দ — দ্দ = দ + দ যুদ্ধ — দ্ধ = দ + ধ

## পাঠ – ৫১ পৌপড়ে ও ঘুঘু

এক শিপড়ের শিপাসা পেল। সে এলো
নদীর পাড়ে। পানি খেতে। নদীতে ছিল
তেউ। শিপড়ে পানিতে তেসে পেল। গাছের
ভালে ছিল একটা ঘুয়ু। সে সব দেখতে পেল।
ভাবল, শিপড়েটাকে বাঁচাই। সে একটা পাতা
মুখে নিল। ফেলে দিল শিপড়েটার সামনে।
শিপড়ে পাতাটা দেখতে পেল। সে সাঁতরে
পাতার ওপরে উঠল। ঘুয়ু পাতাটা ঠোঁটে তুলে
নিল। তারপর ভাঙায় এনে রাখল। শিপড়ে
প্রাণে বেঁচে পেল। মুয়ু হলো তার কন্মু।





অনেক দিন পরের কথা। এক শিকারি এলো নদীর পাড়ে। ভার হাতে ছিল তীর ধনুক। গাছের ভালে বসে ছিল খুষুটি। শিকারি ভার দিকে তীর ভাক করল। পিঁপড়েটি কাছেই ছিল। সে ব্বতে পারল খুষুর খুব বিপদ! শিকারি ভীর ছুঁড়তে যাজিল। অমনি শিপড়ে দিল ভার পায়ে কামড়। শিকারির হাত গেল কেঁপে। তীর চলে গেল আরেক দিকে। খুষু ফুরুত করে উড়ে পেল। বেঁচে গেল সে।

#### भूनि, विने च निष्क

#### Mb - 02

#### গাছ লাগানো

সোমা আপার পড়ানো শেষ। একটু পত্রেই ছুটি হবে। ক্লানের সবাই উসপুস করছে।

সোমা আপা : শোনো, আজ একটা ভারি মজার দিন।

: की मखांद्र जिन खांगा १ निना

: আৰু গাছ লাগানোর দিন। গাছ লাগানোর উৎসব। সোমা আগা

: পাছ দাগাতে হবে কেন ? রবি

: পাছ যে আমাদের কত কাজে লাগে। ফুল দের, ফল দের। ছারা দের। সোমা ভাপা

**তিশা** : देंगे. ভাই তো।

: চলো, ভোমাদের ক্লাদের সামনে। সেখানে বাগানে নতুন গাছ লাগাব। সোমা আশা

: চলো. চলো সবাই। সকলে

ওরা সবাই নিজেদের ক্লাসের সামনে এলো । দেখল, সব ক্লাসের ছেলেমেরেরা বাগানে। যার যার বাগানে কান্ধ করছে। হাসি খুশিতে মেতে আছে সবাই। ওরাও বাগানে নেমে গেল। খুরুসি, বালভি, মণ সব কাছেই ছিল। গুৱা সবাই মিলে মাটি খুড়ল। গাছ দাগাল।

সোমা আপা : যাও রানা, এবার গানি আনো।

द्राना : छिना हला ना छाई, शानि चानि। শুরা পানি আনল। সকলে মিলে গাছের পোড়ায় গানি দিল।







भूनि, वणि छ পড़ि

<sup>পাঠ −</sup> ৫৫ মুক্তিযোদ্ধাদের কথা

#### আমাদের দেশ বাংলাদেশ।

এ দেশ যুদ্ধ করে স্বাধীন হয়েছে। সে এক বিরাট ঘটনা। পাকিস্তানিরা বাণ্ডালিদের ওপর হামলা করল। তখন মুক্তিযুদ্ধের ডাক দিলেন বজ্ঞাক্মধু। তিনি আমাদের মহান নেতা। তাঁর নাম শেখ মুজিবুর রহমান। তিনি আমাদের জ্ঞাতির জনক।

পাকিস্তানি সেনারা ছিল দানবের মতো। তারা লাখ লাখ বাঙালিকে মেরে ফেলল। পুড়িয়ে দিল হাজার হাজার ঘরবাড়ি।

বঞ্চাবন্ধুর ডাকে বাঙালিরা সাড়া দিল।

পাকিস্তানি সেনাদের বিরুদ্ধে শুরু হলো যুদ্ধ। যাঁরা যুদ্ধ করেছিলেন তাঁরা মুক্তিযোদ্ধা। তাদের বুকে ছিল সাহস। ছিল দেশের জন্য ভালোবাসা। তাঁদের অনেকে জীবন দিলেন। নয় মাস চলল যুদ্ধ। শেষে হার মানল পাকিস্তানি সেনারা।আমাদের বিজয় হলো। স্বাধীন দেশে উড়ল লাল সবুজের পতাকা।

আমরা আমাদের দেশকে ভালোবাসি। ভালোবাসি মৃক্তিযোদ্ধাদের।



## পাঠ - ৫৬

#### শব্দ বলার খেলা

খেলায় দুটি দল আছে। তিনার দল আর দীপুর দল। ডালায় অনেক শব্দ আছে। তিনার দলের একজন ডালা থেকে একটি শব্দ বলবে। দীপুর দলের একজন ঐ শব্দের শেষ বর্ণ চিনে নেবে। ঐ বর্ণ দিয়ে লেখা শব্দ ডালা থেকে বেছে সে বলবে।



এভাবে খেলাটি চলতে থাকবে।

সমাপ্ত



# বড়দের সমান কর



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য মুদ্রিত-- বিক্রয়ের জন্য নয়।